মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd

স্মারক নম্বর- চশিবো/পরী-উমা/কেন্দ্র/১১৮/২০১৫/৮৪৭(১১৫)   তারিখ : ২৭ /০৮/২০২৫ খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২৫ এর স্বাক্ষরলিপি, ব্যাবহারিক উত্তরপত্র ও অন্যান্য মালামাল জমা প্রদান সংক্রান্ত

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন এইচএসসি পরীক্ষা ২০২৫ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো যাচ্ছে,

ক) আগামী ০৭/০৯/২০২৫ তারিখের মধ্যে ব্যাবহারিক নম্বর অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর প্রতিনিধিকে হাতে হাতে কেন্দ্রের পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি (অবশ্যই রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে), সীলগালাকৃত প্যাকেটে সরাসরি অত্র বোর্ডের ৪র্থ তলা ৪০২ নম্বর কক্ষে জমা দিতে হবে।

খ) ব্যাবহারিক, বহিষ্কৃত (যদি থাকে), এক বা একাধিক বিষয়ে অনুপস্থিত পরীক্ষার্থীদের তালিকা ও স্বাক্ষরলিপি আলাদা (অবশ্যই রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে) সীলগালাকৃত প্যাকেটে সরাসরি অত্র বোর্ডের ৪র্থ তলা ৪০২ নম্বর কক্ষে জমা দিতে হবে।

গ) ব্যাবহারিক পরীক্ষার্থীদের উত্তরপত্র, নম্বরফর্দ অত্র বোর্ডের ২য় তলায় ২০২ নম্বর কক্ষে জমা দিতে হবে। ব্যাবহারিক পরীক্ষায় অনুপস্থিত হলে নম্বরফর্দে রোল নম্বরের পার্শ্বে অনুপস্থিত/**Absent** লিখে দিতে হবে।

ঘ) সরবরাহকৃত প্রশ্নপত্রের ট্রাংক ও অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র এবং অব্যবহৃত ব্যাবহারিক উত্তরপত্র ও অব্যবহৃত প্রশ্নপত্রসহ অন্যান্য মালামাল ০১/০৯/২০২৫ থেকে ০৭/০৯/২০২৫ তারিখের মধ্যে বোর্ডের স্টোরে জমা দিতে হবে। উক্ত তারিখের মধ্যে মালামাল জমা দিতে ব্যর্থ হলে ৫০০/-টাকা বিলম্ব ফি ব্যাংক ড্রাফটের মাধ্যমে (সচিব, চট্টগ্রাম শিক্ষা বোর্ড এর অনুকূলে) ১৪/০৯/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।

বিঃ দ্রঃ ব্যবহার উপযোগী/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যাবহারিক উত্তরপত্রসহ অন্যান্য উদ্বৃত্ত ফরমসমূহ সরবরাহ তালিকা অনুযায়ী অত্র বোর্ডে জমা দিতে হবে।

27/08/25

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪
Email : ce@bise-ctg.gov.bd

প্রাপক:

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা
চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা ২০২৫ এর সকল কেন্দ্র।